

সরকারি শিশু পরিবার, রাজশাহী ব্যবস্থাপনা ও মনিটরিং কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি : মো. হামিদুল হক
জেলা প্রশাসক, রাজশাহী।

সভার তারিখ : ০১/০৯/২০১৯ খ্রিঃ

সভার স্থান : জেলা প্রশাসক, রাজশাহী মহোদয়ের সম্মেলন কক্ষ।

সময় : বেলা ০৩:৪৫ ঘটিকা।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের নাম, পদবী ও স্বাক্ষর পরিশিষ্ট 'ক' তে সংযোজিত।

সভাপতি উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করার জন্য সদস্য সচিব ও তত্ত্বাবধায়ক (সহকারী পরিচালক), সরকারি শিশু পরিবার, রাজশাহীকে আহবান জানান। অতঃপর নিম্নবর্ণিত বিষয় ভিত্তিক আলোচনা ও সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

আলোচ্য বিষয়-০১ঃ পূর্ব সভার কার্যবিবরণী পাঠ ও দৃঢ়ীকরণ : সভায় তত্ত্বাবধায়ক (সহকারী পরিচালক), সরকারি শিশু পরিবার, রাজশাহী গত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান।

সিদ্ধান্ত : কোন সংশোধনী না থাকায় গত সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়।

আলোচ্য সূচী-০২ঃ নিবাসীদের মান উন্নয়ন সংক্রান্ত আলোচনা :

সরকারি শিশু পরিবারের নিবাসীদের মান উন্নয়নের জন্য স্কুলে লেখাপড়ার পাশাপাশি প্রতিষ্ঠানের শিক্ষকদের সমন্বয়ে কোচিং করানো হয় কিন্তু একটি কম্পিউটার শেখার জন্য প্রয়োজনীয় সংখ্যক কম্পিউটার না থাকায় শিশুরা কম্পিউটার শিক্ষা হতে বঞ্চিত হচ্ছে। শিশুদের যুগোপযোগী করে তোলার জন্য একটি কম্পিউটার ল্যাব থাকা প্রয়োজন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।

সিদ্ধান্ত : সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে সমাজসেবা অধিদফতর, ঢাকা এবং স্থানীয় বিত্তবানদের নিকট কম্পিউটার সরবরাহের জন্য পত্র প্রেরণের মাধ্যমে অনুরোধ করার সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচ্য সূচী-০৩ঃ মেধাবৃত্তি প্রদান সংক্রান্ত আলোচনা :

সদস্য সচিব তত্ত্বাবধায়ক(সহকারী পরিচালক), সরকারি শিশু পরিবার, রাজশাহী সভায় জানান যে, সমাজসেবা অধিদফতর ঢাকার পত্রের আলোকে সরকারি শিশু পরিবারে আবাসিকভাবে বসবাসরত এবং প্রতিষ্ঠানের প্রাক্তন নিবাসীদের উচ্চ মাধ্যমিক স্তরে ১০০০/- (এক হাজার) টাকা এবং উচ্চতর স্তরে (ডিগ্রি/অনার্স ও মাস্টার্স) ২৫০০/- (দুই হাজার পাঁচশত) টাকা হিসেবে মেধাবৃত্তি প্রদানের বিধান রয়েছে। ২০১৮-২০১৯ অর্থ বছরে সমাজসেবা অধিদফতর, ঢাকা হতে উচ্চতর স্তরে (ডিগ্রি/অনার্স ও মাস্টার্স) ২৫০০/- (দুই হাজার পাঁচশত) টাকা হারে দুইজন শিক্ষার্থীর জন্য ৬০,০০০/- (ষাট হাজার) টাকা বরাদ্দ পাওয়া গিয়েছে। অত্র প্রতিষ্ঠানের একজন নিবাসী ঢাকা বিশ্ববিদ্যালয়ে, ম্যানেজমেন্ট (অনার্স) এ এবং অপরজন রাজশাহী বিশ্ববিদ্যালয়ে সমাজকর্ম (অনার্স) এ অধ্যয়নরত। প্রাক্তন নিবাসীদ্বয় উচ্চতর স্তরে মেধাবৃত্তি পাওয়ার জন্য আবেদন করেছেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।

সিদ্ধান্ত : সভায় বিস্তারিত আলোচনান্তে প্রাক্তন নিবাসীদ্বয়ের আবেদন পর্যালোচনা করে মেধাবৃত্তি পাওয়ার শর্তাবলী পূরণ হওয়ায় জনাব মোঃ নাজিম উদ্দীন, পিতা মৃত বাদেশ আলী, মাতা-মোসাঃ পারভীন বেওয়া, ঢাকা বিশ্ববিদ্যালয়ে, ম্যানেজমেন্ট (অনার্স) কে ২৫০০ × ১২=৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা এবং জনাব মোঃ আব্দুস সালাম, পিতা মৃত- নজরুল ইসলাম সরদার, মাতা মোসাঃ সেলিনা বেগম, রাজশাহী বিশ্ববিদ্যালয়, সমাজকর্ম (অনার্স) কে ২৫০০ × ১২=৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা দেয়ার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

আলোচ্য সূচী-০৪ঃ একজন মানষিক প্রতিবন্ধীকে অন্যত্র স্থানান্তর সংক্রান্ত আলোচনা :

অফিসার ইনচার্জ, বাগমারা থানা, রাজশাহীর স্মারক নং -৪৩৮৯ তারিখঃ ১৭/০৮/২০১৯ খ্রিঃ মোতাবেক কাদের ব্যাপারী নামক একজন মানষিক ভারসাম্যহীন ভাসমান ব্যক্তিকে অত্র প্রতিষ্ঠানে রেখে যান। মানষিক ভারসাম্যহীন কাদের ব্যাপারী প্রতিনিয়ত নিবাসীসহ কর্তব্যরত পাহারাদারকে শারীরিকভাবে লাঞ্চিত করে কেন্দ্রের বাহিরে চলে যাওয়ার চেষ্টা করে এবং প্রতিষ্ঠানের কর্মকর্তা-কর্মচারীদের সাথে অকথ্য ভাষায় গালিগালাজ এমনকি মারার জন্য ধেয়ে আসে। সে তার কক্ষে মলমূত্র ত্যাগ করে পরো আবাসিক ভবনটি দূষিত করে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।

সিদ্ধান্ত : সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে মানষিক ভারসাম্যহীন ভাসমান ব্যক্তিকে অন্যত্র সরিয়ে নেয়ার জন্য অফিসার ইনচার্জ, বাগমারা থানা, রাজশাহীকে পত্র প্রেরণের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।